গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দাগনভূঞা

এবং

জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

## সূচিপত্র

উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: উপজেলা অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৭

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৮

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৭

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৯

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ২০

## উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Upazilla Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

স্মার্ট বাংলাদেশ,গতিশীল,স্বচ্ছ ও জনবান্ধব জনপ্রশাসন ব্যবস্থা গড়ার লক্ষ্যে দাগনভূঞা উপজেলা প্রশাসন বদ্ধপরিকর।তথ্য ও প্রযুক্তি উদ্ভাবনীশক্তিকে কাজে লাগিয়ে উপজেলার আইন-শৃঙ্খলা,পাবলিক পরীক্ষা পরিচালনা, ভূমি ব্যবস্থাপনা,দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, সামাজিক নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়ন, সমাজকল্যাণ ও উন্নয়ন ব্যবস্থাপনাসহ সর্বক্ষেত্রে উপজেলা প্রশাসন উল্লেখযোগ্য ভূমিকা পালন করে যাচ্ছে। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সপ্তাহে ০১ টি দিন উন্মুক্ত গণশুনানীর আয়োজন করে সাধারণ মানুষের বিভিন্ন সমস্যা সমাধান করা হচ্ছে। পাশাপাশি, ই-নথি ব্যবস্থাপনা চালুকরণ, ই-মোবাইল কোর্টের ব্যবহার এবং ইন্টারনেট সংযোগ শক্তিশালী করা হয়েছে। “এক ইঞ্চি জমিও অনাবাদি রাখা যাবে না” মাননীয় প্রধানমন্ত্রীর এই নির্দেশনা বাস্তবায়নে উপজেলার বিভিন্ন পরিত্যক্ত জায়গায় শাক-সবজি চাষ এবং কৃষকদের মাঝে প্রণোদনা হিসেবে বীজ ও সার বিতরণ করা হয়েছে। তাছাড়া ইউনিয়ন পরিষদসমূহ এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৩৫০০ টি ফলজ/বনজ/ভেষজ বৃক্ষরোপন করা হয়েছে।জন্মের ৪৫ দিনের মধ্যে সকল শিশুর জন্ম নিবন্ধন এবং মৃত্যু নিবন্ধন নিশ্চিত করার জন্য সকল ইউনিয়নে প্রণোদনা হিসেবে শিশু জন্মের পর অভিনন্দন সনদ ও উপহার এবং মৃত্যুর পর সনদ প্রদান কার্যক্রম চলমান আছে।বাল্যবিবাহ, মাদক, সন্ত্রাস, জঙ্গিবাদ দমনের ক্ষেত্রে সামাজিক সম্প্রীতি কমিটির মাধ্যমে উপজেলা পর্যায়ে ০১ টি এবং ইউনিয়ন পর্যায়ে ০৮ টি সম্প্রীতি সমাবেশ করা হয়েছে। এছাড়াও,গত তিন বছরে প্রায় ১৫০ এর অধিক উঠান বৈঠক ও জনসচেতনতামূলক সমাবেশ করা হয়েছে। সেবা গ্রহণের লক্ষ্যে উপজেলা পরিষদে আগত ব্যক্তি এবং নারী কর্মজীবীদের সন্তানদের জন্য ১টি বিশ্রামাগার ও ডে কেয়ার সেন্টার নির্মাণ করা হয়েছে।মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রীদের শারিরীক ও মানসিক সুস্বাস্থ্য নিশ্চিতকরণের জন্য উপজেলার ১৫ টি স্কুলে স্যানিটেশন সুবিধা ও ক্রীড়া সামগ্রী সম্বলিত 'জয়িতা কর্ণার' স্থাপন করা হয়েছে। প্রবাসীদের ও তাদের পরিবারকে দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে 'প্রবাসী কল্যাণ ডেস্ক' স্থাপন করা হয়েছে। মুজিব বর্ষে মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে ভূমিহীন ও গৃহহীনদের জন্য জমিসহ ৪১৩ টি গৃহ প্রদান করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

দাগনভূঞা উপজেলার সঙ্গে ফেনী, নোয়াখালী ও কুমিল্লার ৫টি উপজেলার সীমানা থাকায় মাদক ও চোরাচালান প্রতিরোধে আইনশৃঙ্খলা বাহিনীকে অধিকতর মনোযোগ দিতে হয়।এছাড়া অধিকাংশ লোকজন কম লেখাপড়া করে দেশের বাইরে অর্থাৎ প্রবাসে কাজ করতে যায়। যার ফলে বিনিয়োগ না থাকায় কল-কারখানা স্থাপনসহ স্থানীয়ভাবে কর্মসংস্থান ব্যাহত হচ্ছে। একই সাথে বাল্যবিবাহের প্রবণতাও রয়েছে। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অনুমোদিত জনবলের মধ্যে পদ শূণ্য থাকায় স্বাভাবিক সেবা প্রদানে ব্যাহত হয় এবং কর্মরত কর্মচারীদের মধ্যে তথ্য প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতার অভাব রয়েছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের ৪(চার) টি স্তম্ভ ও চতুর্থ শিল্প বিপ্লব নিয়ে উদ্যোগ গ্রহণ। সরকারি বিভিন্ন বিভাগ হতে প্রাপ্ত সেবা ও উপকারভোগীদের একটি তথ্যভান্ডার প্রস্তুত করা হবে যেন দ্বৈত সেবাগ্রহীতাদের চিহ্নিত করে সকল যোগ্য উপকারভোগীদের পরিষেবা প্রদান নিশ্চিত করা যায়।এছাড়া ভূমি প্রশাসনের আওতায় অকৃষি খাসজমি, অর্পিত সম্পত্তি, দেবোত্তর সম্পত্তি ও ওয়াকফ সম্পত্তির ডাটাবেজ প্রস্তুত করা হবে। উপজেলাকে ১০০% ভিক্ষুকমুক্ত ও বাল্যবিবাহমুক্ত করা হবে। পাশাপাশি বেকার যুবক ও যুব মহিলাদের ফ্রি ল্যান্সিং ও বিভিন্ন প্রকার আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান করা হবে।একই সাথে বিভিন্ন ইউনিয়নকে জিরো হোম ডেলিভারির আওতায় আনা হবে। সর্বোপরি মাননীয় প্রধানমন্ত্রীর ১০(দশ)টি বিশেষ উদ্যোগ বাস্তবায়ন করা হবে।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ, দক্ষ ও জনবান্ধব প্রশাসন, নাগরিক সেবা সহজীকরণ, সেবা কার্য মনিটরিং ও নিরাপত্তা ব্যবস্থার উন্নয়ন, কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান, নারী উন্নয়ন, বাল্যবিবাহ, যৌতুক নিরোধে কার্যক্রম গ্রহণ । এছাড়া স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কাজ করার লক্ষ্যে উপজেলার সকল দপ্তরের কার্যক্রমে স্মার্ট আইডিয়া বাস্তবায়ন ২০২৩-২৪ এ অন্যতম প্রধান অর্জন।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দাগনভূঞা

এবং

জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী-এর মধ্যে ২০২৩ সালের ................ মাসের ................ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

দক্ষ, স্বচ্ছ, গতিশীল, উন্নয়ন সহায়ক এবং জনবান্ধব প্রশাসন গড়ে তোলা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

প্রশাসনিক দক্ষতা বৃদ্ধি, তথ্যপ্রযুক্তির যথাযথ ব্যবহার ও সেবাদাতাদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন এবং উদ্ভাবন চর্চার মাধ্যমে সময়াবদ্ধ ও মানসম্মত সেবা নিশ্চিত করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ উপজেলা অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. শিক্ষা ও সংস্কৃতির উন্নয়ন এবং প্রযুক্তি সর্বোত্তম ব্যবহার

২. উন্নয়নমূলক কার্যক্রম, রাজস্ব ব্যবস্থাপনা এবং মানবসম্পদ উন্নয়ন

৩. দুর্যোগ ব্যসবস্থাপনা, খাদ্য ও সামাজিক নিরাপত্তাসহ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন ত্বরান্বিতকরণ

৪. আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়ন ও জননিরাপত্তা সংহতকরণ

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. আন্ত:বিভাগীয় কর্মকান্ডের সমন্বয় এবং প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পসমূহসহ উপজেলার প্রধান উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নে সমন্বয়কারীর দায়িত্ব পালন;

২. সরকার কর্তৃক কৃষি, স্বাস্থ্যসেবা ও জনস্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, নারী ও শিশু, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কল্যাণ, প্রাথমিক ও গণশিক্ষা এবং শিক্ষা বিষয়ক গৃহীত সকল নীতিমালা ও কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়ন, তত্ত্বাবধান, পরিবীক্ষণ ও সমন্বয়সাধন;

৩. দুর্যোগ ব্যবস্থাপনা এবং ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম গ্রহণ, জিআর, টিআর, কাবিখা, কাবিটা, ভিজিডি, ভিজিএফ, অতি দরিদ্রদের জন্য কর্মসৃজন ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন, তত্ত্বাবধান ও পরিবীক্ষণ;

৪. ভূ-প্রাকৃতিক বৈশিষ্ট্যসমূহ সংরক্ষণসহ পরিবেশ দূষণের ফলে সৃষ্ট জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় জনসচেতনতা সৃষ্টি, বনায়ন, বিভিন্ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে সার্বিক সহায়তা করা এবং সার্বিক সমন্বয় সাধন ও পরিবীক্ষণ;

৫. সামাজিক নিরাপত্তা ও দারিদ্র্য বিমোচনে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত ন্যাশনাল সার্ভিস কর্মসূচি, আমার বাড়ি আমার খামারসহ বিভিন্ন প্রকল্প বাস্তবায়নে সার্বিক সহায়তা প্রদান ও কার্যকর সমন্বয় সাধন;

৬. উপজেলা রাজস্ব প্রশাসনের সার্বিক নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান এবং পরিবীক্ষণ;

৭. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনার আওতায় অভিযোগ নিষ্পিত্তি;

৮. বিভিন্ন সামাজিক সমস্যা যেমন যৌন হয়রানি, নারী নির্যাতন, মাদক সেবন, চোরাচালান, যৌতুক, বাল্যবিবাহ ইত্যাদি প্রতিরোধ/নিরসনে কার্যক্রম গ্রহণ;

৯. এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেসি সম্পর্কিত যাবতীয় ক্ষমতার যথাযথ প্রয়োগ মোবাইল কোর্ট পরিচালনাসহ উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষায় কার্যকর ভূমিকা পালন এবং ভিভিআইপিদের নিরাপত্তা সংক্রান্ত কার্যাবলি;

১০. স্থানীয় সরকার সংক্রান্ত কার্যক্রম সম্পাদন করা;

১১. এনজিওদের কার্যক্রম তদারকি ও সমন্বয়, এনজিও কার্যক্রমের ওভারল্যাপিং প্রতিরোধে কর্মক্ষেত্র নির্ধারণে মতামত প্রদান এবং এনজিওসমূহের অনুকূলে ছাড়কৃত অর্থের পরিবীক্ষণ ও ক্ষুদ্রঋণসহ অন্যান্য কার্যক্রম পরিদর্শন/দর্শন;

১২. প্রবাসীদের ডেইটাবেইজ প্রস্তুত, বিদেশগামী ব্যক্তিদের প্রতারণা ও হয়রানি প্রতিরোধ এবং মানব পাচার রোধসহ প্রবাসী কল্যাণে যাবতীয় কার্যক্রম গ্রহণ;

১৩. জাতীয় ই-গর্ভনেন্স কার্যক্রম বাস্তবায়ন; সেবা পদ্ধিত সহজীকরণ, সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান, উপজেলা তথ্য বাতায়ন হালনাগাদকরণ, সোস্যাল মিডিয়া ব্যবহার, এবং বিভিন্ন পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তিসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা ও তদারকি;

১৪. গণশুনানীর মাধ্যমে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেওয়া।

১৫. নিরাপদ পরিবেশ নিশ্চিতকল্পে করোনা সংক্রমণ থেকে উত্তরণ পরবর্তী ইউনিয়নভিত্তিক মাস্টার প্ল্যান নিশ্চিত করা।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| উন্নয়ন কার্যক্রম অব্যাহত রাখা ও প্রাতিষ্ঠানিক উন্নয়ন | বাস্তবায়িত প্রকল্প | সংখ্যা | ২১০ | ২২০ | ২২০ | ২২৫ | ২৩০ | উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়,উপজেলা প্রকৌশলীর কার্যালয়, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ | প্রতিবেদন |
| সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় | সভার ছবি , প্রতিবেদন |
| অপরাধ নিয়ন্ত্রণ ও সচেতনতা বৃদ্ধি | পরিচালিতমোবাইলকোর্ট | সংখ্যা | ৫৪ | ৩৩ | ৪৮ | ৫০ | ৫২ | দাগনভূঞা থানা | প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] শিক্ষা ও সংস্কৃতির উন্নয়ন এবং প্রযুক্তি সর্বোত্তম ব্যবহার | ২৫ | [১.১] চতুর্থ শিল্প বিপ্লবের উপর ১০০০ শিক্ষার্থীকে সমাবেশের মাধ্যমে সচেতনকরণ | [১.১.১] অংশগ্রহণকারী শিক্ষার্থী | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ১০০০ | ৯০০ | ৮০০ | ৭০০ | ৬০০ | ১২০০ | ১৫০০ |
| | | [১.২] সাধারণ জ্ঞান, বিতর্ক ও সংগীত প্রতিযোগিতা আয়োজন | [১.২.১] প্রতিযোগিতা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | ০৪ | ০৫ | ০৫ | ০৪ | ০৩ | ০২ | | ০৫ | ০৬ |
| | | [১.৩] সাইবার ক্রাইম প্রতিরোধে শিশুদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানে সমাবেশ আয়োজন | [১.৩.১] আয়োজিত সমাবেশ | সমষ্টি | সংখ্যা | ২ | | | ০৬ | ০৫ | ০৪ | ০৩ | | ০৮ | ০৯ |
| | | [১.৪] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক কুইজ প্রতিযোগিতার আয়োজন | [১.৪.১] আয়োজিত প্রশিক্ষণ | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৬৫ | ৫৭ | ৫১ | ৪৫ | ৩৯ | ৭০ | ৭৫ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | [১.৫] শেখ রাসেল ডিজিটাল ল্যাব, বিজ্ঞান ক্লাব, বিজ্ঞানাগার ও লাইব্রেরীসহ শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম পরিদর্শন | [১.৫.১] পরিদর্শিত প্রতিষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ২ | | | .৪০ | ৩০ | ২০ | ১০ | ০৫ | ৫০ | ৫৫ |
| | | [১.৬] শতভাগ স্কুলে স্কাউট কার্যক্রম চালুকরণ | [১.৬.১] কার্যক্রম সম্পন্ন | গড় | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [১.৭] উপজেলা ক্রীড়া সংস্থার মাধ্যমে প্রশিক্ষণ আয়োজন | [১.৭.১] প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক ও শিক্ষার্থী | সমষ্টি | সংখ্যা | ২ | ১৮০ | ২০০ | ২২০ | ২০০ | ১৮০ | ১৬০ | ১৫০ | ২৩০ | ২৫০ |
| | | [১.৮] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের ০৪ (চার) টি স্তম্ভ ও চতুর্থ শিল্প বিপ্লবের উপর অবহিতকরণ সভার আয়োজন | [১.৮.১] কার্যক্রম সম্পন্ন | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪০ | ৩৬ | ৩২ | ২৮ | ২৪ | ৪০ | ৪২ |
| | | [১.৯] উপজেলা পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন | [১.৯.১] প্রতিযোগিতা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | ০৪ | ০৫ | ০৬ | ০৫ | ০৪ | ০২ | ০১ | ০৫ | ০৫ |
| | | [১.১০] আইসিটি সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [১.১০.১] সিদ্ধান্ত বাস্তবায়ন | গড় | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | | | | | ১০০ | ১০০ |
| | | [১.১১] অনলাইনে জন্ম নিবন্ধন শতভাগ সম্পন্নকরণ | [১.১১.১] সম্পন্নের হার | গড় | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | | | | | ১০০ | ১০০ |
| | | [১.১২] অনলাইনে মৃত্যু নিবন্ধন শতভাগ সম্পন্নকরণ | [১.১২.১] সম্পন্নের হার | গড় | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | | | | | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [২] উন্নয়নমূলক কার্যক্রম, রাজস্ব ব্যবস্থাপনা এবং মানবসম্পদ উন্নয়ন | ১৯ | [২.১] উপজেলা পরিষদের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [২.১.১] সিদ্ধান্ত বাস্তবায়িত | গড় | % | ২ | ৯০ | ৯২ | ১০০ | ৬০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [২.২] উপজেলা রাজস্ব সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [২.২.১] প্রশিক্ষণ সম্পন্ন | গড় | সংখ্যা | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [২.৩] বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিদর্শন | [২.৩.১] প্রকল্প পরিদর্শনকৃত | সমষ্টি | সংখ্যা | ২ | ১২০ | ১২৫ | ১৩০ | ১২৯ | ১২৮ | ১২৫ | ১০০ | ১৩৫ | ১৪০ |
| | | [২.৪] উপজেলা প্রশাসনে কর্মরত কর্মচারীদের আইসিটি ব্যবহার নিশ্চিত করা | [২.৪.১] সিদ্ধান্ত বাস্তবায়িত | গড় | % | ২ | ৯০ | ৯২ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [২.৫] স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ দর্শন/পরিদর্শন | [২.৫.১] পরিদর্শিত প্রতিষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ৩ | ৪৮ | ৪৮ | ৪৮ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৪৮ | ৪৮ |
| | | [২.৬] উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন | [২.৬.১] কার্যক্রম বাস্তবায়িত | সমষ্টি | সংখ্যা | ২ | ২৪ | ২৪ | ২৪ | ২০ | ১৮ | ১৫ | ১২ | ২৪ | ২৪ |
| | | [২.৭] জেনারেল সার্টিফিকেট মামলা নিষ্পত্তিকরণ | [২.৭.১] নিষ্পত্তির হার | সমষ্টি | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [২.৮] হাট-বাজার ও জলমহাল ইজারা প্রদান | [২.৮.১] ইজারাকৃত হাট-বাজার ও জলমহাল | গড় | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [২.৯] ভূমিহীন ও গৃহহীনদের প্রশিক্ষণ প্রদান | [২.৯.১] প্রশিক্ষণপ্রাপ্ত উপকারভোগী | সমষ্টি | সংখ্যা | ২ | | | ১২০ | ১০৮ | ৯৬ | ৮৪ | ৭২ | ১৫০ | ২০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] দুর্যোগ ব্যসবস্থাপনা, খাদ্য ও সামাজিক নিরাপত্তাসহ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন ত্বরান্বিতকরণ | ১৫ | [৩.১] ত্রাণ ও পুনর্বাসন এবং দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [৩.১.১] সিদ্ধান্ত বাস্তবায়ন | গড় | % | ৩ | ৯০ | ৯৫ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [৩.২] দুর্যোগে ক্ষতিগ্রস্থ এলাকা তাৎক্ষণিক পরিদর্শন/দর্শন | [৩.২.১] পরিদর্শনকৃত এলাকা | গড় | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [৩.৩] বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত মহড়া আয়োজন | [৩.৩.১] আয়োজিত মহড়া | সমষ্টি | সংখ্যা | ২ | | | ০৫ | ০৪ | ০৩ | ০২ | ০০ | ০৫ | ০৬ |
| | | [৩.৪] সামাজিক নিরাপত্তা কর্মসূচীর সকল প্রকার ত্রাণ এবং টিসিবিসহ সকল প্রকার প্রণোদনা প্রদান তদারকি | [৩.৪.১] তদারকি কার্যক্রম | গড় | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [৩.৫] মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ কার্যক্রম তদারকি | [৩.৫.১] তদারকি কার্যক্রম | গড় | ১০০ | ২ | ১০০ | ১০০ | ১০০ | | | | | ১০০ | ১০০ |
| | | [৩.৬] ভেষজ ও ফলদ বৃক্ষরোপন | [৩.৬.১] রোপনকৃত চারা | সমষ্টি | সংখ্যা | ৩ | ১০০০ | ১৫০০ | ২০০০ | ১৮০০ | ১৬০০ | ১৪০০ | ১২০০ | ২৫০০ | ৩০০০ |
| [৪] আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়ন ও জননিরাপত্তা সংহতকরণ | ১১ | [৪.১] উপজেলা আইন শৃঙ্খলা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [৪.১.১] সিদ্ধান্ত বাস্তবায়িত | গড় | % | ৩ | ৯৮ | ৯৬ | ১০০ | ৯৫ | ৯৩ | ৯২ | ৮৮ | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | [৪.২] মাদক, সন্ত্রাস ও জঙ্গীবাদ দমন এবং নারী নির্যাতন ও বাল্যবিবাহ রোধে জনসচেতনতামূলক সভা আয়োজন | [৪.২.১] সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৩ | ১৮ | ১৮ | ২০ | ১৯ | ১৮ | ১৭ | ১৫ | ২০ | ২২ |
| | | [৪.৩] মোবাইল কোর্ট পরিচালনা | [৪.৩.১] পরিচালিত মোবাইল কোর্ট | সমষ্টি | সংখ্যা | ৩ | ৪৮ | ৪৮ | ৪৮ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৪৮ | ৪৮ |
| | | [৪.৫] ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন | [৪.৫.১] পুনর্বাসিত ভিক্ষুক | গড় | % | ২ | ০০ | ১০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | ১০০ | ১০০ | | | | | | ১০০ | ১০০ |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | ১০০ | ১০০ | | | | | | ১০০ | ১০০ |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | ১০০ | ১০০ | | | | | | ১০০ | ১০০ |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | ১০০ | ১০০ | | | | | | ১০০ | ১০০ |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | ১০০ | ১০০ | | | | | | ১০০ | ১০০ |

*সাময়িক (provisional) তথ্য

আমি, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দাগনভূঞা, জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী হিসাবে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দাগনভূঞা-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দাগনভূঞা

তারিখ

জেলা প্রশাসক
জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | অ:জে:প্র: | অতিরিক্ত জেলা প্রশাসক |
| ২ | আরডিসি | রেভিনিউ ডেপুটি কালেক্টর |
| ৩ | ইউএলএও | ইউনিয়ন ল্যান্ড অ্যাসিস্ট্যান্ট অফিসার |
| ৪ | ইউএসএলএও | ইউনিয়ন ল্যান্ড সাব-অ্যাসিস্ট্যান্ট অফিসার |
| ৫ | উনিঅ | উপজেলা নির্বাহী অফিসার |
| ৬ | এনডিসি | নেজারত ডেপুটি কালেক্টর |
| ৭ | এলএও | ল্যান্ড অ্যাকুইজিশান অফিসার |
| ৮ | এসএ | স্টেট অ্যাকুইজিশান |
| ৯ | এসি (ল্যান্ড) | এসিস্ট্যান্ট কমিশনার (ল্যান্ড) |
| ১০ | পিআইও | প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন অফিসার |
| ১১ | ভূসবো | ভূমি সংস্কার বোর্ড |
| ১২ | সায়রাত মহাল | জলমহাল, বালুমহাল, পাথরমহাল, লবণমহাল, চিংড়ি মহাল ইত্যাদি |

# সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] চতুর্থ শিল্প বিপ্লবের উপর ১০০০ শিক্ষার্থীকে সমাবেশের মাধ্যমে সচেতনকরণ | [১.১.১] অংশগ্রহণকারী শিক্ষার্থী | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | ছবি ও প্রতিবেদন |
| [১.২] সাধারণ জ্ঞান, বিতর্ক ও সংগীত প্রতিযোগিতা আয়োজন | [১.২.১] প্রতিযোগিতা আয়োজিত | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা শিক্ষা অফিস ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | ছবি ও প্রতিবেদন |
| [১.৩] সাইবার ক্রাইম প্রতিরোধে শিশুদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানে সমাবেশ আয়োজন | [১.৩.১] আয়োজিত সমাবেশ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা শিক্ষা অফিস ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | ছবি ও প্রতিবেদন |
| [১.৪] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক কুইজ প্রতিযোগিতার আয়োজন | [১.৪.১] আয়োজিত প্রশিক্ষণ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | ছবি ও প্রতিবেদন |
| [১.৫] শেখ রাসেল ডিজিটাল ল্যাব, বিজ্ঞান ক্লাব, বিজ্ঞানাগার ও লাইব্রেরীসহ শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম পরিদর্শন | [১.৫.১] পরিদর্শিত প্রতিষ্ঠান | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয় | পরিদর্শন প্রতিবেদন |
| [১.৬] শতভাগ স্কুলে স্কাউট কার্যক্রম চালুকরণ | [১.৬.১] কার্যক্রম সম্পন্ন | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও বাংলাদেশ স্কাউটস, দাগনভূঞা উপজেলা শাখা | তদারকি ও প্রতিবেদন |
| [১.৭] উপজেলা ক্রীড়া সংস্থার মাধ্যমে প্রশিক্ষণ আয়োজন | [১.৭.১] প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক ও শিক্ষার্থী | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও উপজেলা ক্রীড়া সংস্থা | ছবি ও প্রতিবেদন |
| [১.৮] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের ০৪ (চার) টি স্তম্ভ ও চতুর্থ শিল্প বিপ্লবের উপর অবহিতকরণ সভার আয়োজন | [১.৮.১] কার্যক্রম সম্পন্ন | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা শিক্ষা অফিস ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | ছবি ও প্রতিবেদন |
| [১.৯] উপজেলা পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন | [১.৯.১] প্রতিযোগিতা আয়োজিত | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও উপজেলা ক্রীড়া সংস্থা | ছবি ও প্রতিবেদন |
| [১.১০] আইসিটি সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [১.১০.১] সিদ্ধান্ত বাস্তবায়ন | | |
| [১.১১] অনলাইনে জন্ম নিবন্ধন শতভাগ সম্পন্নকরণ | [১.১১.১] সম্পন্নের হার | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা শিক্ষা অফিস ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | ছবি ও প্রতিবেদন |
| [১.১২] অনলাইনে মৃত্যু নিবন্ধন শতভাগ সম্পন্নকরণ | [১.১২.১] সম্পন্নের হার | | |
| [২.১] উপজেলা পরিষদের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [২.১.১] সিদ্ধান্ত বাস্তবায়িত | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সংশ্লিষ্ট দপ্তর | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও তদারকি |
| [২.২] উপজেলা রাজস্ব সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [২.২.১] প্রশিক্ষণ সম্পন্ন | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সংশ্লিষ্ট দপ্তর | হাজিরা, ছবি ও প্রতিবেদন |
| [২.৩] বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিদর্শন | [২.৩.১] প্রকল্প পরিদর্শনকৃত | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সংশ্লিষ্ট দপ্তর | তদারকি ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
| [২.৪] উপজেলা প্রশাসনে কর্মরত কর্মচারীদের আইসিটি ব্যবহার নিশ্চিত করা | [২.৪.১] সিদ্ধান্ত বাস্তবায়িত | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সংশ্লিষ্ট দপ্তর | হাজিরা, ছবি ও প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [২.৫] স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ দর্শন/পরিদর্শন | [২.৫.১] পরিদর্শিত প্রতিষ্ঠান | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সংশ্লিষ্ট দপ্তর | ছবি ও প্রতিবেদন |
| [২.৬] উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন | [২.৬.১] কার্যক্রম বাস্তবায়িত | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সংশ্লিষ্ট দপ্তর | তদারকি ও প্রতিবেদন |
| [২.৭] জেনারেল সার্টিফিকেট মামলা নিষ্পত্তিকরণ | [২.৭.১] নিষ্পত্তির হার | | |
| [২.৮] হাট-বাজার ও জলমহাল ইজারা প্রদান | [২.৮.১] ইজারাকৃত হাট-বাজার ও জলমহাল | | |
| [২.৯] ভূমিহীন ও গৃহহীনদের প্রশিক্ষণ প্রদান | [২.৯.১] প্রশিক্ষণপ্রাপ্ত উপকারভোগী | | |
| [৩.১] ত্রাণ ও পুনর্বাসন এবং দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [৩.১.১] সিদ্ধান্ত বাস্তবায়ন | | |
| [৩.২] দুর্যোগে ক্ষতিগ্রস্থ এলাকা তাৎক্ষণিক পরিদর্শন/দর্শন | [৩.২.১] পরিদর্শনকৃত এলাকা | | |
| [৩.৩] বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত মহড়া আয়োজন | [৩.৩.১] আয়োজিত মহড়া | | |
| [৩.৪] সামাজিক নিরাপত্তা কর্মসূচীর সকল প্রকার ত্রাণ এবং টিসিবিসহ সকল প্রকার প্রণোদনা প্রদান তদারকি | [৩.৪.১] তদারকি কার্যক্রম | | |
| [৩.৫] মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ কার্যক্রম তদারকি | [৩.৫.১] তদারকি কার্যক্রম | | |
| [৩.৬] ভেষজ ও ফলদ বৃক্ষরোপন | [৩.৬.১] রোপনকৃত চারা | | |
| [৪.১] উপজেলা আইন শৃঙ্খলা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [৪.১.১] সিদ্ধান্ত বাস্তবায়িত | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সংশ্লিষ্ট দপ্তর | বাস্তবায়ন প্রতিবেদন ও তদারকি |
| [৪.২] মাদক, সন্ত্রাস ও জঙ্গীবাদ দমন এবং নারী নির্যাতন ও বাল্যবিবাহ রোধে জনসচেতনতামূলক সভা আয়োজন | [৪.২.১] সভা আয়োজিত | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সংশ্লিষ্ট দপ্তর | ছবি ও প্রতিবেদন |
| [৪.৩] মোবাইল কোর্ট পরিচালনা | [৪.৩.১] পরিচালিত মোবাইল কোর্ট | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সংশ্লিষ্ট দপ্তর | রেজিস্টারে অন্তর্ভুক্তকরণ ও প্রতিবেদন প্রেরণ |
| [৪.৫] ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন | [৪.৫.১] পুনর্বাসিত ভিক্ষুক | | |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| শেখ রাসেল ডিজিটাল ল্যাব, বিজ্ঞান ক্লাব, বিজ্ঞানাগার ও লাইব্রেরীসহ শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম পরিদর্শন | পরিদর্শিত প্রতিষ্ঠান | জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী | সার্বিকভাবে যোগাযোগ রক্ষার মাধ্যমে |
| চতুর্থ শিল্প বিপ্লবের উপর ১০০০ শিক্ষার্থীকে সমাবেশের মাধ্যমে সচেতনকরণ | অংশগ্রহণকারী শিক্ষার্থী | জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী | সার্বিকভাবে যোগাযোগ রক্ষার মাধ্যমে |
| স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ দর্শন/পরিদর্শন | পরিদর্শিত প্রতিষ্ঠান | জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী | সার্বিকভাবে যোগাযোগ রক্ষার মাধ্যমে |
| উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন | কার্যক্রম বাস্তবায়িত | জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী | সার্বিকভাবে যোগাযোগ রক্ষার মাধ্যমে |
| মোবাইল কোর্ট পরিচালনা | পরিচালিত মোবাইল কোর্ট | জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী | সার্বিকভাবে যোগাযোগ রক্ষার মাধ্যমে |
| মাদক, সন্ত্রাস ও জঙ্গীবাদ দমন এবং নারী নির্যাতন ও বাল্যবিবাহ রোধে জনসচেতনতামূলক সভা আয়োজন | সভা আয়োজিত | জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী | সার্বিকভাবে যোগাযোগ রক্ষার মাধ্যমে |
| উপজেলা আইন শৃঙ্খলা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী | সার্বিকভাবে যোগাযোগ রক্ষার মাধ্যমে |
| স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক কুইজ প্রতিযোগিতার আয়োজন | আয়োজিত প্রশিক্ষণ | জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী | সার্বিকভাবে যোগাযোগ রক্ষার মাধ্যমে |
| স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের ০৪ (চার) টি স্তম্ভ ও চতুর্থ শিল্প বিপ্লবের উপর অবহিতকরণ সভার আয়োজন | কার্যক্রম সম্পন্ন | জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী | সার্বিকভাবে যোগাযোগ রক্ষার মাধ্যমে |
| সাইবার ক্রাইম প্রতিরোধে শিশুদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানে সমাবেশ আয়োজন | আয়োজিত সমাবেশ | জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী | সার্বিকভাবে যোগাযোগ রক্ষার মাধ্যমে |
| শতভাগ স্কুলে স্কাউট কার্যক্রম চালুকরণ | কার্যক্রম সম্পন্ন | জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী | সার্বিকভাবে যোগাযোগ রক্ষার মাধ্যমে |
| অনলাইনে জন্ম নিবন্ধন শতভাগ সম্পন্নকরণ | সম্পন্নের হার | জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী | সার্বিকভাবে যোগাযোগ রক্ষার মাধ্যমে |
| সাধারণ জ্ঞান, বিতর্ক ও সংগীত প্রতিযোগিতা আয়োজন | প্রতিযোগিতা আয়োজিত | জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী | সার্বিকভাবে যোগাযোগ রক্ষার মাধ্যমে |
| উপজেলা ক্রীড়া সংস্থার মাধ্যমে প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক ও শিক্ষার্থী | জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী | সার্বিকভাবে যোগাযোগ রক্ষার মাধ্যমে |
| উপজেলা পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন | প্রতিযোগিতা আয়োজিত | জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী | সার্বিকভাবে যোগাযোগ রক্ষার মাধ্যমে |
| উপজেলা রাজস্ব সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | প্রশিক্ষণ সম্পন্ন | জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী | সার্বিকভাবে যোগাযোগ রক্ষার মাধ্যমে |
| উপজেলা প্রশাসনে কর্মরত কর্মচারীদের আইসিটি ব্যবহার নিশ্চিত করা | সিদ্ধান্ত বাস্তবায়িত | জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী | সার্বিকভাবে যোগাযোগ রক্ষার মাধ্যমে |
| বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিদর্শন | প্রকল্প পরিদর্শনকৃত | জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী | সার্বিকভাবে যোগাযোগ রক্ষার মাধ্যমে |
| উপজেলা পরিষদের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী | সার্বিকভাবে যোগাযোগ রক্ষার মাধ্যমে |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ